**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৩০ নভেম্বর ২০১৫, ১৬ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশের বিমান ও সমুদ্রবন্দর নেপাল ব্যবহার করতে পারে : প্রধানমন্ত্রী
২। খুব শিগগিরই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক খুলে দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
- স্বরাষ্ট্র মন্ত্রণালয় চাইলেই ফেসবুক খুলে দেওয়া হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী
৩। গণতন্ত্রের মুখোশ পরা চক্রকে নিষ্ক্রিয় করতে হবে : তথ্যমন্ত্রী
৪। পাটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক, অভিযান আজ থেকে
৫। তেজগাঁওয়ে অবৈধ ট্রাকস্ট্যান্ড উচ্ছেদে সংঘর্ষ : গুলি
৬। ডিসেম্বরের পর পৌর নির্বাচনের সুযোগ নেই : প্রধান নির্বাচন কমিশনার
৭। এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারি শুরু
৮। বাজার মূল্যায়ন করে রবি-এয়ারটেলের একীভূতের কেন নিষ্পত্তি নয় : হাইকোর্ট
৯। বাংলাদেশকে জিএসপি সুবিধা ফিরিয়ে দিতে সচেষ্ট যুক্তরাষ্ট্র : মার্কিন রাষ্ট্রদূত
১০। আয়কর বিবরণী দাখিলের সময় আর বাড়ছে না
১১। ছাপা পত্রিকার অনলাইন সংস্করণের নিবন্ধন নিষ্প্রয়োজন : সম্পাদক পরিষদের বিবৃতি
১২। বাংলাদেশ-ভুটান-ভারত নেপালের মৈত্রী শোভাযাত্রা ঢাকায়
১৩। খান এ সবুরের নামে স্থাপনা প্রতিষ্ঠানের তালিকা দেওয়ার নির্দেশ হাইকোর্টের

চলমান পাতা/২

১। **বাংলাদেশের বিমান ও সমুদ্রবন্দর নেপাল ব্যবহার করতে পারে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত হরি কুমার শ্রেষ্ঠা। গতকাল ২৯ নভেম্বর রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী নেপালের নতুন সরকারকে অভিনন্দন জানিয়ে বলেন, আশা করি নতুন সরকার নেপালের জনগণের আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাবে এবং দেশকে সমৃদ্ধির দিকে নিয়ে যেতে পারবে। নেপালের ভূমিকম্পের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে পারবে বলে আশা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত মানুষের ভোগান্তি কমাতে বাংলাদেশ সবসময় প্রস্তুত। আঞ্চলিক কানেকটিভিটি প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সৈয়দপুর বিমানবন্দর, চট্টগ্রাম ও মংলা সমুদ্রবন্দর ব্যবহার করতে পারে নেপাল। দু'দেশের সম্পর্ক দিন দিন আরো বাড়বে বলেও আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

২। **খুব শিগগিরই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক খুলে দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

**- স্বরাষ্ট্র মন্ত্রণালয় চাইলেই ফেসবুক খুলে দেওয়া হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

দেশে ফেসবুক ব্যবহারের ব্যাপারে আরও কিছুদিন তরুণ প্রজন্মকে ধৈর্য ধরতে বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, তথ্যপ্রযুক্তির অপব্যবহার করে দুর্বৃত্তরা যাতে কোনো অপরাধ সংঘটিত করতে না পারে সেজন্য কাজ চলছে। তবে খুব শিগগিরই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক খুলে দেওয়া হবে। অপরদিকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় চাইলেই ফেসবুক খুলে দেওয়া হবে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গতকাল ২৯ নভেম্বর রোববার সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের এক সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** বিজনেস (পৃ.১,ক.২)।

৩। **গণতন্ত্রের মুখোশ পরা চক্রকে নিষ্ক্রিয় করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গিমুক্ত নিরাপদ ও বৈষম্যহীন সমাজ গড়তে গণতন্ত্রের মুখোশ পরা চক্রকে নিষ্ক্রিয় করতে হবে। আর এ কারণেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ১৪ দলের নেতৃত্বে মহাজোটের যে জঙ্গিবিরোধী ঐক্য গড়ে উঠেছে, বামপন্থী দলগুলোর সেই ঐক্যে শামিল হওয়া উচিত। মন্ত্রী গতকাল ২৯ নভেম্বর রোববার জাতীয় প্রেসক্লাবে ভাষাসৈনিক ও সাম্যবাদী দলের প্রতিষ্ঠাতা সভাপতি কমরেড মোহাম্মদ তোয়াহার ২৮তম স্মরণ সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৪। **পাটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক, অভিযান আজ থেকে**

কারাদণ্ড, অর্থদণ্ড, ব্যাংক ঋণ সুবিধা বন্ধ, লাইসেন্স বাতিল, আইআরসি বা ইআরসি বাতিলের বিধান রেখে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ বাস্তবায়নে সাঁড়াশি অভিযান চালু হচ্ছে। আজ ৩০ নভেম্বর সোমবার থেকে ধান, চাল, গম, ভুট্টা, সার ও চিনি পরিবহণে দেশের বিভাগ, জেলা, উপজেলা, থানা পর্যায়ে এ অভিযান পরিচালিত হবে বলে জানিয়েছেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম। গতকাল ২৯ নভেম্বর রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

৫। **তেজগাঁওয়ে অবৈধ ট্রাকস্ট্যান্ড উচ্ছেদে সংঘর্ষ : গুলি**

রাজধানীর তেজগাঁওয়ে অবৈধ ট্রাকস্ট্যান্ড ও স্থাপনা উচ্ছেদ অভিযানে গতকাল ২৯ নভেম্বর রোববার পুলিশ ও শ্রমিকদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া এবং সংঘর্ষের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ তিন রাউন্ড শটগানের গুলি ছোড়ে। এ সময় গুলিতে এক শ্রমিক এবং ইট-পাটকেলের আঘাতে তিন শ্রমিক আহত হন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ গতকাল ২৯ নভেম্বর রোববার দুপুর ১টা থেকে উচ্ছেদ অভিযান শুরু করে। এসময় ট্রাক-কাভার্ড ভ্যান চালক ও শ্রমিকরা সাতরাস্তা থেকে ফার্মগেট পর্যন্ত সড়ক ট্রাক দিয়ে অবরোধ করে রাখে। তারা রাস্তায় আগুন জ্বালিয়ে বিক্ষোভও করে। এ সময় পুলিশের সঙ্গে শ্রমিকদের ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়। বিকাল পৌনে ৫টার দিকে একটি আধুনিক ট্রাকস্ট্যান্ড করে দেওয়ার প্রতিশ্রুতি দেন মেয়র আনিসুল হক। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)। **সমকাল, ইত্তেফাক, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, নিউ এজ**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

চলমান পাতা/৩

**৬। ডিসেম্বরের পর পৌর নির্বাচনের সুযোগ নেই : প্রধান নির্বাচন কমিশনার**

আইনের বাধ্যবাধকতা অনুযায়ী ৩০ ডিসেম্বরের পর পৌরসভা নির্বাচন করার কোনো সুযোগ নেই। কেননা, সেটাই আমাদের শেষ সময়। অন্যথায় আইন ভঙ্গ করে নির্বাচন করতে হবে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দীন আহমদ। তবে আজ ৩০ নভেম্বর সোমবার ইসির সভায় নির্বাচন সংক্রান্ত সব বিষয় চূড়ান্ত করা হবে বলেও জানান তিনি। গতকাল ২৯ নভেম্বর রোববার সন্ধ্যায় নির্বাচন কমিশন (ইসি) সচিবালয় ত্যাগ করার সময় সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)। **প্রথম আলো, সংবাদ, ইনকিলাব, যুগান্তর, ডেইলি অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারি শুরু**

আগামী ১ ফেব্রুয়ারি থেকে শুরু হবে এসএসসি ও সমমানের পরীক্ষা। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষাবোর্ডগুলো গতকাল ২৯ নভেম্বর রোববার এই পরীক্ষার চূড়ান্ত সময়সূচি ওয়েবসাইটে (www.moedu.gov.bd) প্রকাশ করেছে। এবার প্রথমবারের মতো আগে এমসিকিউ (বহুনির্বাচনী) ও পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা হবে। উভয় পরীক্ষার মধ্যে ১০ মিনিট সময়ের ব্যবধান থাকবে। সকালের পরীক্ষা ১০টা থেকে ১টা পর্যন্ত ও বিকালের পরীক্ষা দুপুর ২টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৮। বাজার মূল্যায়ন করে রবি-এয়ারটেলের একীভূতের কেন নিষ্পত্তি নয় : হাইকোর্ট**

প্রতিযোগিতা কমিশনের মাধ্যমে বাজার মূল্যায়ন করে মোবাইল অপারেটর রবি ও এয়ারটেলের একীভূত হওয়ার আবেদনের নিষ্পত্তি কেন করা হবে না-তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ সচিব, বাণিজ্য সচিব, টেলিকম সচিব, বিটিআরসি চেয়ারম্যান, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সচিব এবং রবি ও এয়ারটেল কর্তৃপক্ষকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি ফরিদ আহমদ শিবলীর ডিভিশন বেঞ্চ গতকাল ২৯ নভেম্বর রোববার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৩)।

**৯। বাংলাদেশকে জিএসপি সুবিধা ফিরিয়ে দিতে সচেষ্ট যুক্তরাষ্ট্র : মার্কিন রাষ্ট্রদূত**

বাংলাদেশকে জিএসপি সুবিধা ফিরিয়ে দিতে এবং এক্ষেত্রে সৃষ্ট সমস্যা সমাধানে মার্কিন সরকার সচেষ্ট বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্সিয়া বার্নিকাট। গতকাল ২৯ নভেম্বর রোববার সচিবালয়ে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকির সাথে সাক্ষাৎ করে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ., ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৪)।

**১০। আয়কর বিবরণী দাখিলের সময় আর বাড়ছে না**

ব্যক্তি শ্রেণির করদাতাদের আয়কর বিবরণী দাখিলের সময় আর বাড়ছে না; তবে শেষ দিন রাত দশটা পর্যন্ত তা জমা নেবে বলে জানিয়েছে এনবিআর। দুই মাস বাড়ানোর পর ব্যক্তি শ্রেণির আয়কর দাতাদের বিবরণী বা রিটার্ন জমা নেওয়ার সময় আজ ৩০ নভেম্বর সোমবার শেষ হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১১। ছাপা পত্রিকার অনলাইন সংস্করণের নিবন্ধন নিষ্প্রয়োজন : সম্পাদক পরিষদের বিবৃতি**

ছাপা সংবাদপত্রগুলোর অনলাইন সংস্করণের নিবন্ধন যুক্তিসংগত নয়। ছাপা সংবাদপত্রের অনলাইন সংস্করণের নিবন্ধনের উদ্যোগ থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে সম্পাদক পরিষদ। গতকাল ২৯ নভেম্বর রোববার সম্পাদক পরিষদের সভাপতি গোলাম সারওয়ার ও সাধারণ সম্পাদক মাহফুজ আনামের সই করা এক বিবৃতিতে পরিষদ এ আহ্বান জানিয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**১২। বাংলাদেশ-ভুটান-ভারত নেপালের মৈত্রী শোভাযাত্রা ঢাকায়**

প্রায় সাড়ে তিন হাজার কিলোমিটার পথ পাড়ি দিয়ে গতকাল ২৯ নভেম্বর রোববার রাজধানী ঢাকায় পৌঁছেছে বাংলাদেশ-ভুটান-ভারত ও নেপালের (বিবিআইএন) মৈত্রী মোটর শোভাযাত্রা। আগামীকাল ১ ডিসেম্বর মঙ্গলবার বেনাপোল হয়ে কলকাতার উদ্দেশে ঢাকা ছাড়বে শোভাযাত্রাটি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১)।

**১৩। খান এ সবুরের নামে স্থাপনা প্রতিষ্ঠানের তালিকা দেওয়ার নির্দেশ হাইকোর্টের**

স্বাধীনতাবিরোধী খান এ সবুরের নামে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় কী কী স্থাপনা ও প্রতিষ্ঠান রয়েছে তার তালিকা চেয়েছে হাইকোর্ট। আগামী দুই সপ্তাহের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে আদালতে এই তালিকা দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। এক আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের ডিভিশন বেঞ্চ গতকাল ২৯ নভেম্বর রোববার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : সরকার অনলাইন সংবাদ মাধ্যমের নিবন্ধন কার্যক্রম শুরু করার ঘোষণা দিয়েছে উল্লেখ করে সংবাদ মাধ্যমকে পরিচালনার নামে নিয়ন্ত্রণ করার প্রবণতা মুক্ত সাংবাদিকতার পথ নানাভাবে বিঘ্নিত করায় এ ব্যাপারে বিবেচনার সুপারিশ;

খ. **ইত্তেফাক** : রেললাইন হতে লাশ উদ্ধারের ঘটনা উদ্বেগজনকভাবে বেড়ে যাওয়ায় রেললাইন ঘিরে হত্যা, অপমৃত্যু ও অন্যান্য অপরাধ দমন এবং অপমৃত্যু কমিয়ে আনতে এই সংক্রান্ত জনবল যথাসম্ভব দ্রুত নিয়োগ করার ওপর গুরুত্বারোপ;

গ. **জনকণ্ঠ** : মাদ্রাসা ছাত্রদের সমাজের মূল স্রোতধারায় সংযুক্ত ও সমন্বিত করে আমূল সংস্কারের মাধ্যমে মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও আধুনিকায়নের জন্য যথাযথ পদক্ষেপ কামনা;

ঘ. **সংবাদ** : পৌরসভা নির্বাচনে প্রার্থীদের নির্বাচনী আচরণবিধি মেনে চলার সুপারিশ;

ঙ. **ইনকিলাব** : রাজধানীর বেশিরভাগ পথশিশু মাদক সেবন, মাদক বিক্রি, রাজনৈতিক শোডাউন, ভাংচুর, ছিনতাইসহ বিভিন্ন ধরনের অনৈতিক কাজে জড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে পথশিশুদের সামাজিক নিরাপত্তা বলয়ে আনার কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি বলে মত প্রকাশ;

চ. **ডেইলি স্টার** : শিশুদের জন্য ইন্টারনেট ব্যবহার নিরাপদ করতে অভিভাবক ও শিক্ষকদের এ ব্যাপারে সচেতনতামূলক পদক্ষেপ জোরদার করাসহ শিশুদের সাথে সময় ব্যয় করার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট** : রাজধানীর জলাবদ্ধতা নিরসনে রাজধানীর খালগুলোকে সংস্কার করে সুয়ারেজের পানি প্রবাহ অব্যাহত রাখার ব্যবস্থাসহ আরো অধিক পাম্প হাউজ বসানোর আহ্বান;

জ. **নিউজ টুডে** : রাজধানীর বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা ও তুরাগ নদীর অবৈধভাবে দখলকৃত নদীর তীর ও জায়গা পুনরুদ্ধার করে রাজধানীকে ঘিরে করা মাস্টার প্ল্যান দ্রুত বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ;

ঝ. **নিউ এজ** : প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণের দ্বারা দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন করে শিক্ষার গুণগতমান উন্নয়নের সুপারিশ;

ঞ. **নিউ নেশন** : দেশের নদনদীগুলোতে শিল্পকারখানার অপরিশোধিত রাসায়নিক বর্জ্য ফেলা অব্যাহত থাকায় দূষণের মাত্রা বেড়ে যাওয়ায় ভবিষ্যতে ভয়াবহ অবস্থা দেখা দেওয়ার আশঙ্কা প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে পৃথিবীব্যাপী সকল ধর্মীয় উপাসনালয়সমূহ যাতে কেউ সন্ত্রাসের ও জঙ্গিবাদের পক্ষে প্রচারণার কাজে ব্যবহার করতে না পারে তারও উপযুক্ত ব্যবস্থা অত্যন্ত জরুরি বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রসঙ্গ নারী নির্যাতন'** শিরোনামের নিবন্ধে মনজু আরা বেগম নারী নির্যাতন প্রতিরোধে গণসচেতনতা সৃষ্টির জন্য সুশীল সমাজসহ নারী, পুরুষ সকলে সমানভাবে এগিয়ে আসতে হবে এবং ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা